

PRINT

সমকাল

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে সেমিনার

১৩ ঘণ্টা আগে



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে গতকাল রোববার 'বাংলাদেশের গ্রামীণ জীবনের উন্নতি :বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। নর্থ সাউথ ও অস্ট্রেলিয়ার মোনাশ বিশ্ববিদ্যালয় যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান ও বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার হাইকমিশনার জুলিয়া নিবলেট।

অন্যদের মধ্যে বক্তব্য দেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম এ হাসেম, ট্রাস্টি সদস্য এম এ কাসেম, উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম, অক্সফাম বাংলাদেশ-এর কান্ট্রি ডিরেক্টর ড. দীপঙ্কর দত্ত, মোনাশ বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট রিক্রুটমেন্ট ও অ্যাডমিশনসের পরিচালক অ্যান্ড্রু পিটারস।

সেমিনারে 'বাংলাদেশে শিক্ষার অগ্রগতি' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন নর্থ সাউথের শিক্ষক ড. কান্তি অনন্ত নুজহাত ও মোনাশ বিশ্ববিদ্যালয়ের ড. আসাদুল ইসলাম। এ ছাড়া 'বাংলাদেশের মোবাইল টেকনোলজি ও গ্রামীণ জনপদ :বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন মোনাশ বিশ্ববিদ্যালয়ের ড. লেরি স্টিলমেন ও মনীষা বিশ্বাস।

বক্তারা বলেন, চিরাচরিত বাংলাদেশের প্রথাগত কর্মকাণ্ড উধাও হয়ে যাচ্ছে। যার মূল কারণ হলো যোগাযোগ প্রযুক্তি। প্রত্যন্ত অঞ্চলের গৃহবধূ আজ মোবাইল ফোনে ছবি তুলে তাদের উৎপাদিত পণ্যের বাজার যাচাই করে বিক্রি করছে। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com